

বুয়েটের প্রাক-নির্বাচনী পরীক্ষা আজ, তিন শিফটে পরীক্ষার্থী ২৪২০৫ জন

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ০০:২১, ২৩ জানুয়ারি ২০২৫



ছবি : সংগৃহীত

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) চলতি ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির প্রাক-নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে আজ বৃহস্পতিবার (২৩ জানুয়ারি)। এদিন তিন শিফটে এ পরীক্ষা নেওয়া হবে।

UNIBOTS

বুয়েটের ওয়েবসাইটে প্রাক-নির্বাচনী পরীক্ষার শিফট ও শিক্ষার্থীদের রোল নম্বর প্রকাশ করা হয়েছে। তাতে জানানো হয়, শিফট-১ (রোল 40001-48071 পর্যন্ত) সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত।

শিফট-২ (রোল 60001-68070 পর্যন্ত) দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত। শিফট-৩ (রোল 70001-78070 পর্যন্ত) বিকেল সাড়ে ৩টা থেকে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এর আগে গত ২৪ ডিসেম্বরে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তির প্রাক-নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়। যোগ্য প্রার্থী নির্বাচিত হয়েছেন ২৪ হাজার ২০৫ জন।

বুয়েটে ভর্তিতে গত বছরের ৩০ নভেম্বর থেকে অনলাইনে আবেদন শুরু হয়। ১৪ ডিসেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত চলে আবেদন। এবার প্রাথমিক আবেদন ফি ছিল ৫০০ টাকা।

প্রাক-নির্বাচনী পরীক্ষা অংশ নিতে ফি জমা দিয়ে প্রাথমিক আবেদন করেন প্রায় ২৬ হাজার শিক্ষার্থী। তাদের মধ্য থেকে বাছাই করে ২৪ হাজার ২০৫ জনকে প্রাক-নির্বাচনী পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়েছে।

বুয়েটে এবার পার্বত্য চট্টগ্রাম ও অন্য এলাকার ক্ষুদ্র জাতিগোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য প্রকৌশল বিভাগসমূহ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ সর্বমোট আসনসংখ্যা ১ হাজার ৩০৯টি।
